

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৭৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি রাতে তাহাজ্জুদ সালাত আদায় করার জন্য মনে মনে নিয়ত করে, অতঃপর ঘুম তাকে পরাভূত করে ফেলে, ফলে সে সালাত আদায় না করে ঘুমিয়ে থাকে, তাকে মহান আল্লাহ অনুগ্রহ করে তার নিয়ত অনুযায়ী সাওয়াব দান করেন

ذِكْرُ تَفَضُّلِ اللَّهِ جَلَّ وَعَلَا عَلَى المحدِّث نَفْسَهُ بِقِيَامِ اللَّيْلِ ثُمَّ غَلَبَتْهُ عَيْنَاهُ حَتَّى نَامَ عَنْهُ بِكِتْبَةِ أَجْرِ مَا نَوَى

আরবী

 $2579 = \frac{1}{6}$ الْحُسَيْنُ بْنُ مُحَمَّد بْنِ أَبِي مَعْشَر بِحَرَّانَ حَدَّثَنَا أَبُو إِسْحَاقَ مُحَمَّدُ بْنُ بَكُيْرٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَبْدَةَ بْنِ أَبِي لُبَابَةَ عَنْ سُوَيْدِ الْأَنْصَارِيُّ حَدَّثَنَا مِسْكِينُ بْنُ بُكَيْرٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَبْدَةَ بْنِ أَبِي لُبَابَةَ عَنْ سُوَيْدِ بْنِ غَفْلَةَ أَنَّهُ عَادَ زِرَّ بْنَ حُبَيْشٍ فِي مَرَضِهِ فَقَالَ: قَالَ أَبُو ذَرٍّ - أَوْ أَبُو الدَّرْدَاءِ - شَكَّ شُعْبَةُ - قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا مِنْ عَبْد يُحَدِّثُ نَفْسَهُ بِقِيَامِ سَاعَةٍ مِنَ اللَّيْلِ فَيَنَامُ عَنْهَا إِلَّا كَانَ نَوْمُهُ صَدَقَةً تَصَدَّقَ اللَّهُ بِهَا عَلَيْهِ وَكُتِبَ لَهُ أَجْرُ مَا نَوَى) مِنَ اللَّيْلِ فَيَنَامُ عَنْهَا إِلَّا كَانَ نَوْمُهُ صَدَقَةً تَصَدَّقَ اللَّهُ بِهَا عَلَيْهِ وَكُتِبَ لَهُ أَجْرُ مَا نَوَى) الراوي : سُويَد بْن غَفَلَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: \$2579 ا خلاصة حكم المحدث: حسن صحيح - ((صحيح أبي داود)) (1188) (1188).

বাংলা

২৫৭৯. সুআইদ বিন গাফালাহ থেকে বর্ণিত, তিনি বলেন যে, তিনি একবার যির বিন হুবাইশকে তার অসুস্থতার সময় দেখতে যান। তখন আবূ যার গিফারী রাদ্মিল্লাহু আনহু অথবা আবুদ দারদা রাদ্মিল্লাহু আনহু —শু'বা সন্দেহমূলকভাবে বর্ণনা করেছেন- বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে কোন বান্দা যখন রাতে একটা সময় কিয়াম করার নিয়ত করে অতঃপর সে তা না পড়ে ঘুমে থাকে, তবে তার ঘুমটি হলো সাদাকাহ, যা আল্লাহ তাকে দান করেছেন আর তার জন্য সেই সাওয়াব রয়েছে যা সে নিয়ত করেছে।"[1]



ফুটনোট

[1] সুনান বাইহাকী: ৩/১৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪২২৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১৮৮)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সুওয়াইদ ইবনু গাফালা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন